

যঈফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ৪৭১

১/ বিবিধ

আরবী

أبى الله أن يجعل للبلاء سلطانا على بدن عبده المؤمن
موضوع

أخرجه الديلمي في " مسنده " (1 / 79 - 80) من طريق القاسم بن إبراهيم بن أحمد
الملطي عن أبي أمية المبارك بن عبد الله عن مالك عن ابن شهاب عن أنس مرفوعا
وأورده السيوطي في " الجامع الصغير " من رواية الديلمي عن أنس فقال شارحه
المنأوي: وفيه القاسم بن إبراهيم الملطي كذاب لا يطاق
قال في " اللسان " : له عجائب من الأباطيل
قلت: فكيف أورد السيوطي حديثه في " الجامع " وقد ادعى أنه صانه عما تفرد به
كذاب أو وضاع؟ ولا سيما وهذا الحديث ظاهر البطلان، فقد ثبت عنه صلى الله عليه
وسلم أنه قال: " أشد الناس بلاء الأنبياء ثم الأمثل فالأمثل، والمؤمن يبتل على قدر
دينه "

ومن الغريب أن السيوطي نفسه قد حكم عليه بالوضع، إذ أورده في " ذيل
الموضوعات " (ص 189) من رواية الديلمي نفسه وقال السيوطي: قال الخطيب:
الملطي كذاب يضع الحديث روى عن أبي أمية عن مالك عجائب من الأباطيل، وقال
غيره: أبو أمية المبارك أحد المجهولين
قلت: وهو مع ذلك مجسم ضال، فانظر التعليق على الحديث الآتي برقم (476)

৪৭১। আল্লাহ তা'আলা তার মুমিন বান্দার শরীরে বিপদের উদ্দেশ্যে কোন বাদশাকে নিয়োগ দিয়েছেন তা অস্বীকার করেছেন।

হাদীসটি জাল।

এটি দাইলামী তার “মুসনাদ” গ্রন্থে (১/৭৯-৮০) কাসেম ইবনু ইবরাহীম ইবনে আহমাদ মালাতী সূত্রে আবু উমাইয়া মুবারাক ইবনু আদ্দিলাহ হতে ... বর্ণনা করেছেন।

সুযুতী দাইলামীর বর্ণনায় “জামে’উস সাগীর” গ্রন্থে আনাস (রাঃ) হতে উল্লেখ করেছেন। তার ভাষ্যকার মানবী বলেনঃ তাতে কাসেম ইবনু ইবরাহীম মালতী রয়েছে; তিনি মিথ্যুক। তার সম্পর্কে “আল-লিসান” গ্রন্থে হাফিয বলেনঃ বাতিল হাদীস হতে তার আজব আজব কথা রয়েছে।

আমি (আলবানী) বলছিঃ সুযুতী দাবী করেছেন যে, তার এ কিতাবকে তিনি জালকারী এবং মিথ্যুক হতে হেফযাত করেছেন, তা সত্ত্বেও হাদীসটি “আল-জামে” গ্রন্থে উল্লেখ করেছেন?

বিশেষ করে এ হাদীসটি বাতিল হওয়াটা সুস্পষ্ট। কারণ নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম হতে সাব্যস্ত হয়েছে তিনি বলেনঃ “লোকদের মধ্যে সর্বাপেক্ষা কঠিন বিপদ হচ্ছে নবীদের বিপদ, তার পর যারা তাদের ন্যায় এবং মুমিনদের পরীক্ষা করা হবে তাদের দীনদারিত্বের পরিমাপে।” দেখুন “সহীহাহ” ১৪৩ নম্বর হাদীস।

আশ্চর্যের ব্যাপার এই যে, সুযুতী দাইলামীর বর্ণনায় তার “যায়লুল মাওয়ু’আত” গ্রন্থে (পৃ. ১৮৯) নিজে হাদীসটি জাল হিসাবে হুকুম লাগিয়েছেন। অতঃপর বলেছেনঃ আল-খাতীব মালাতী সম্পর্কে বলেছেন যে, তিনি মিথ্যুক হাদীস জালকারী। তিনি আবু উমাইয়াহ হতে মালেকের উদ্ধৃতিতে আজব আজব বাতিল হাদীস বর্ণনা করেছেন। অন্যরা বলেছেনঃ আবু উমাইয়াহ মুবারাক মাজহলদের একজন। তার পরেও তিনি তার “জামে” গ্রন্থে উল্লেখ করেছেন।

হাদিসের মান: জাল (Fake) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=68056>

📌 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন